# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

**Website: www.butex.edu.bd**

## ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষাবর্ষ ঃ ২০২১-২০২২

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অনুষদে নিম্নবর্ণিত বিভাগসমূহে ৪ (চার) বছর মেয়াদী বি. এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ২০২১-২০২২ শিক্ষাবর্ষে লেভেল-১ এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে। বিভাগ অনুযায়ী আসন সংখ্যা, আবেদনের তারিখ, প্রবেশপত্র ডাউনলোড, ভর্তি পরীক্ষা ও ফলাফল প্রকাশের তারিখ এবং নিয়মাবলী নিম্নরূপঃ

| বিভাগ | আসন সংখ্যা | আবেদনের সময়সীমা | প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা | ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ফলাফল প্রকাশের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| (১) ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং | ৮০ | ২২/০৬/২০২২ তারিখ সকাল ১০:০০ টা হতে ০২/০৭/২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত | ০৫/০৭/২০২২ তারিখ সকাল ১০:০০ টা হতে ১৫/০৭/২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত | ১২/০৮/২০২২ তারিখ, শুক্রবার সকাল ৯:৩০ টা হতে ১১:৩০ টা পর্যন্ত | ৩১/০৮/২০২২ |
| (২) ফেব্রিক ইঞ্জিনিয়ারিং | ৮০ | | | | |
| (৩) ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং | ৮০ | | | | |
| (৪) এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং | ৮০ | | | | |
| (৫) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট | ৮০ | | | | |
| (৬) টেক্সটাইল ফ্যাশন এন্ড ডিজাইন | ৪০ | | | | |
| (৭) ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | ৪০ | | | | |
| (৮) টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটেনেন্স | ৪০ | | | | |
| (৯) ডাইজ এন্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং | ৪০ | | | | |
| (১০) এনভায়রনমেন্টাল সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৪০ | | | | |
| **সর্বমোট আসন সংখ্যাঃ** | ৬০০ | | | | |

**আবেদন ফিঃ**

আগ্রহী আবেদনকারী ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করে আবেদন করতে পারবে।

**ফলাফল প্রকাশঃ**

ভর্তি পরীক্ষার ফলাফল অত্র বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.butex.edu.bd) প্রকাশ করা হবে।

**ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের ন্যূনতম যোগ্যতাঃ**

১। আবেদনকারীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশী হতে হবে।

২। আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে জিপিএ ৫.০০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

৩। ২০২১ সালে অনুষ্ঠিত বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এইচ. এস. সি. কিংবা উহার সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে জিপিএ ৫.০০ সহ গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজি বিষয়ে সর্বমোট ২০.০০ গ্রেড পয়েন্ট পেতে হবে।

৪। প্রার্থী GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেল পাশ করে থাকলে, তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজি বিষয়ে আলাদা আলাদা ভাবে 'A' গ্রেড পেতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিত বিষয়ে আলাদা আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে।

প্রার্থীকে ২০২০ সালের সেপ্টেম্বর হতে ২০২১ সালের অক্টোবরের মধ্যে GCE 'A' লেভেল ফলাফল প্রাপ্ত হতে হবে। তবে GCE 'A' লেভেল জুন ২০২১ সেশনে যে সকল শিক্ষার্থী অক্টোবর ২০২১-এর পরীক্ষায় অংশ গ্রহন করেছে ফলাফল প্রাপ্তি সাপেক্ষে তারাও আবেদন করতে পারবে। Equivalence Certificate প্রাপ্তির জন্য ২,০০০/-(দুই হাজার) টাকা অর্থ ও হিসাব দপ্তরে নগদ প্রদানপূর্বক 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবরে ২৬/০৬/২০২২ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

**SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়াঃ**

১। ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে BUT<স্পেস>HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর<স্পেস>HSC পাসের সাল<স্পেস>SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>SSC পরীক্ষার রোল নম্বর<স্পেস>SSC পাশের সাল লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ BUT DHA 123456 2021 DHA 654321 2019 দিতে হবে। উদাহরণ টি ঢাকা বোর্ডের জন্য। এখানে 123456 এর জায়গায় HSC, 654321 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর হবে।

২। বিভিন্ন বোর্ডের জন্য লিখতে হবে ঢাকা (DHA), রাজশাহী (RAJ), চট্টগ্রাম (CHA), দিনাজপুর (DIN), সিলেট (SYL), যশোর (JAS), কুমিল্লা (CUM), বরিশাল (BAR), ময়মনসিংহ (MYM),মাদ্রাসা (MAD), কারিগরি (TEC অথবা VOC), English Medium (GCE)।

৩। উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে BUT<স্পেস>YES<স্পেস>PIN নম্বর<স্পেস>আবেদনকারীর মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করতে পারে এমন যে কোন অপারেটরের একটি মোবাইল নম্বর লিখতে হবে। উদাহরণ ঃ BUT YES 87654321 01XXXXXXXXX

এই উদাহরণের 87654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি ১০০০/- (এক হাজার) টাকা কেটে নেওয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না। আবেদনের সময়সীমা ০২/০৭/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার শেষ সময়ে যারা প্রথম SMS সফলভাবে পাঠিয়ে PIN নম্বর পাবে তারা পরবর্তী ২৪ ঘন্টা অর্থাৎ ০৩/০৭/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে দ্বিতীয় SMS অর্থাৎ টাকা জমাদানের SMS পাঠাতে পারবে।

৪। আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে SMS এর মাধ্যমে সাথে সাথেই User ID ও Password জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না। Confirmation Reply টি হবে এরকমঃ Congrats! Fee received for BUT admission:2021-2022, Receipt ID: 1XXXXXXX, User ID: 87654321, Password: abcdef. For admit card, please visit: http://but.teletalk.com.bd (User ID, Password আলাদা কাগজে লিখে সংরক্ষণ করতে হবে।)

৫। কোন কারনে User ID, Password হারালে শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে নিম্নোক্ত উপায়ে তা পাওয়া যাবে ঃ

(ক) User ID জানা থাকলে BUT<স্পেস> HELP <স্পেস> USER<স্পেস> User ID লিখে16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ Password জানা যাবে। উদাহরণঃ BUT HELP USER 87654321

(খ) User ID, Password দুটিই হারালে BUT <স্পেস> HELP <স্পেস> PIN <স্পেস> PIN নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ User ID, Password জানা যাবে। উদাহরণঃ BUT HELP PIN 87654321

(গ) User ID, Password ও PIN নম্বর হারালে BUT <স্পেস> HELP <স্পেস> HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর<স্পেস>HSC পাসের সাল লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ User ID, Password ও PIN জানা যাবে। উদাহরণঃ BUT HELP DHA 1234562021

৬। 'O'/'A' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে।
উদাহরণঃ BUT GCE 123456 2020 এখানে 123456 এর জায়গায় আবেদনকারীকে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Equivalence Certificate এর Candidate নম্বরটি দিতে হবে।

**কোটায় আবেদনকারীর প্রতি নির্দেশাবলীঃ**

কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর ক্ষেত্রে নির্দিষ্ট কোটায় আবেদন করতে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহঃ মুক্তিযোদ্ধা কোটা (FFQ) এবং উপজাতীয় কোটা (TQ)।
উদাহরণঃ BUT DHA 123456 2021 DHA 654321 2019 FFQ উদাহরণ টি ঢাকা বোর্ড ও মুক্তিযোদ্ধা কোটার (FFQ) জন্য।

**প্রবেশপত্র গ্রহনঃ**

আবেদনকারী ফি জমাদানের পর প্রবেশপত্র প্রাপ্তির জন্য http://but.teletalk.com.bd এ ব্রাউজ করতে হবে। BUT এডমিশন অপশনে ক্লিক করে স্ব স্ব User ID ও Password দিয়ে লগ ইন করলে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোডের অপশন পাওয়া যাবে। নির্ভুল সাবমিট করলে আবেদনকারী তাৎক্ষণিকভাবে ছবি ও স্বাক্ষর সম্বলিত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। ডাউনলোডকৃত প্রবেশপত্র রঙ্গিন প্রিন্ট করতে হবে।

**ছবি এবং স্বাক্ষর আপলোডঃ**

ছবি (দৈর্ঘ্য × প্রস্থ) 300 × 300 pixel এবং এই ছবির ফাইল সাইজ 100KB এর বেশী হওয়া বাঞ্ছনীয় নয়। সাদা কালো ছবি গ্রহণযোগ্য নয়। স্বাক্ষরের ক্ষেত্রে (দৈর্ঘ্য × প্রস্থ) 300 × 80 pixel এবং এই ছবির ফাইল সাইজ 60KB এর বেশী হওয়া বাঞ্ছনীয় নয়।

**পরীক্ষার বিষয়সমূহ ও নম্বরঃ**

গণিত- ৬০, পদার্থ- ৬০, রসায়ন- ৬০ এবং ইংরেজি- ২০; মোট ২০০ নম্বর।

**ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচিঃ**

| বিষয় | পাঠ্যসূচি |
|---|---|
| গণিত | ২০২১ ইং সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য যে সংক্ষিপ্ত পাঠ্যসূচি নির্ধারিত ছিল। |
| পদার্থ | |
| রসায়ন | |
| ইংরেজি | Functional English |

**ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মাবলী অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ**

১। কোন বিষয়ে এমসিকিউ টাইপ প্রশ্ন থাকবে না।
২। প্রশ্ন বাংলা এবং ইংরেজি উভয় ভার্সনে থাকবে।
৩। ভর্তি পরীক্ষার সময় কোন ধরনের প্রোগ্রামেবল ক্যালকুলেটর এবং ইলেকট্রনিক সীম/ডিভাইস যুক্ত ঘড়ি, কলম, মোবাইল বা অন্যান্য উপকরণ সংগে রাখা ও ব্যবহার করা যাবে না। তবে সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
৪। কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

**প্রার্থী নির্বাচন ঃ**

ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রণয়ন করা হবে। লিখিত পরীক্ষায় ৪০% এর নীচে নম্বর প্রাপ্তদের (সব ধরনের কোটাসহ সকলের জন্য প্রযোজ্য) মেধা তালিকা প্রকাশ করা হবে না। তবে সর্বোচ্চ ৩০০০ জনের তালিকা প্রকাশ করা হবে। ভর্তি কমিটি বাস্তব প্রয়োজনে নির্ধারিত ৪০% নম্বর পরিবর্তন করতে পারবে।

**বিভাগ নির্বাচন ঃ**

প্রার্থীর মেধাক্রম ও পছন্দ অনুযায়ী সাক্ষাৎকারের মাধ্যমে বিভাগ নির্ধারণ করা হবে।

**সংরক্ষিত আসন ঃ**

মুক্তিযোদ্ধা কোটায় প্রতি বিভাগে মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ১ জন করে সর্বমোট ১০ জন এবং উপজাতীয় কোটায় মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ২টি আসন সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনের জন্য SMS এর মাধ্যমে আবেদন করার সময় নিজ নিজ কোটার অপশন উল্লেখ করতে হবে। সংরক্ষিত আসনের জন্য ভর্তি পরীক্ষায় যোগ্য বিবেচিত হলে ভর্তির সময় অবশ্যই উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে উপজাতি মর্মে প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক প্রদত্ত মূল সার্টিফিকেট দেখাতে হবে এবং এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদেরও ভর্তি পরীক্ষায় যথারীতি অংশগ্রহন করতে হবে এবং মেধা ভিত্তিক নির্বাচন করা হবে।

**বিশেষ নির্দেশাবলীঃ**

১। ভর্তি পরীক্ষার দিন প্রিন্ট করা ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষার **রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি** অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। ভর্তি পরীক্ষার সময় আবেদনকারীর এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং আবেদনপত্রের সাথে ছবি মিলিয়ে পরীক্ষার্থীকে সনাক্ত করা হবে। কোন রকম অসামঞ্জস্যতা দেখা গেলে পরীক্ষার্থীর উত্তরপত্র বাতিল করা হবে।

২। ভর্তি সংক্রান্ত কারিগরি সহায়তার জন্য যে কোন টেলিটক নম্বর হতে ১২১ অথবা অন্য যে কোন অপারেটর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে রাত দিন ২৪ ঘণ্টা ফোন করে জানা যাবে।

৩। ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য অফিস চলাকালীন **(রবিবার থেকে বৃহস্পতিবার, সকাল ৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা)** ০১৫৫৪-৯২৬২২০ নম্বরে ফোন করে জানা যাবে।

৪। ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩/০৫/২০২২

(অধ্যাপক ড.শাহ্ আলিমুজ্জামান)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)